

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০১২.২২.১২৯

তারিখ: ১৬ মাঘ ১৪৩০

৩০ জানুয়ারি ২০২৪

বিষয়: চট্টগ্রাম বিভাগে সড়ক পথে সদ্য সংগৃহীত ৩৫০ মে.টন আমন'২৩-২৪ আতপচালের চলাচলসূচির পূর্বানুমোদন

সূত্র: ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম ২৮-০১-২০২৪ খ্রি. এর ১৩.০১.০০০০.২১০.৫১.০০১.২৩.৩৪১ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অভ্যন্তরীণ আমন ২০২৩-২০২৪ সংগ্রহের আওতায় প্রদত্ত লক্ষ্যমাত্রার চাল গুদামে গ্রহণ ও সংগ্রহ কার্যক্রম গতিশীল রাখার নিমিত্ত সদ্য সংগৃহীত অভ্যন্তরীণ আমন'২০২৩-২০২৪ আতপচালের সূচি পূর্বানুমোদনের জন্য আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম কর্তৃক সূত্রস্থ স্মারকে নিম্নোক্তভাবে অনুরোধ করা হয়েছে।

এমতাবস্থায়, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম এর প্রস্তাবমতে আশুগঞ্জ এলএসডি হতে চট্টগ্রাম বিভাগের খাগড়াছড়ি জেলার নিম্ন বর্ণিত এলএসডিতে অভ্যন্তরীণ আমন'২০২৩-২০২৪ আতপচালের চলাচল সূচি ডিআরটিসির মাধ্যমে পূর্বানুমোদন নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালনের শর্তে নির্দেশক্রমে প্রদান করা হলো:

সারণি-১ : চট্টগ্রাম বিভাগে আমন'২৩-২৪ সিদ্ধ চালের চলাচল সূচির পূর্বানুমোদন

ক্র. নং	প্রেরক জেলা	প্রেরণ কেন্দ্র	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মে.টন)	পণ্য	রুট	মন্তব্য
১.	ব্রাহ্মণবাড়িয়া	আশুগঞ্জ এলএসডি	খাগড়াছড়ি	খাগড়াছড়ি সদর এলএসডি	১৫০	আমন'২৩-২৪ আতপ চাল	সড়ক পথ	
২.	ঐ	ঐ	ঐ	দিঘীনালা এলএসডি	১০০	ঐ	ঐ	
৩.	ঐ	ঐ	ঐ	তাইন্দং এলএসডি	১০০	ঐ	ঐ	
				মোট =	৩৫০	ঐ	ঐ	


নির্দেশনাসমূহ:

(১) খাদ্যশস্য ও খাদ্য দ্রব্যের চলাচল সূচি প্রণয়ন নীতিমালা, ২০০৮ অনুসরণপূর্বক উক্ত সূচি বাস্তবায়ন করতে হবে;

(২) 'খাদ্যশস্য প্রেরণ-প্রাপ্তিকালে করণীয় নির্দেশনা' সম্পর্কিত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর মহোদয় স্বাক্ষরিত ১১-০৫-২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭-২১১ নং প্রজ্ঞাপন কঠোরভাবে অনুসরণ করতে হবে।

(৩) এই অনুমোদনের আওতায় জারিকৃত সূচি মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর স্বাক্ষরিত ০৮-০৬-২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭-৫২৬ নং স্মারকে জারিকৃত নির্দেশনা মোতাবেক Movement Software এর মাধ্যমে আবশ্যিকভাবে জারি করতে হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।



৩০-১-২০২৪

মোঃ নাজমুল হক ভূঁইয়া

উপপরিচালক

ফোন: +৮৮-০২-৯৫৮৪৮৩৪

ফ্যাক্স: +৮৮-০২-৯৫৫৬০৬৭

ইমেইল: dg@dgfood.gov.bd

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, চট্টগ্রাম


স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০১২.২২.১২৯/১(৫)

তারিখ: ১৬ মাঘ ১৪৩০

৩০ জানুয়ারি ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক (চলতি দায়িত্ব), সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
- ৫) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)



৩০-১-২০২৪

মোঃ নাজমুল হক ভূঁইয়া

উপপরিচালক